



বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল

৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১১০০।

ফোন ও ফ্যাক্স ৭৩৪৩২৬০, ই-মেইল info@bvc.gov.bd, ওয়েবসাইট www.bvc.gov.bd



নং- ৩৩.০৮.০০০০.১০১.২৭.০০১.১০-৩৪৯

তারিখঃ ১৩-০৬-২০২১ইং

ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম ও প্রাণি চিকিৎসা সম্পর্কিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানানো যাচ্ছে যে, নিবন্ধিত ভেটেরিনারিয়ান ব্যতীত অন্য কারো ভেটেরিনারি চিকিৎসা বা শল্য চিকিৎসা করা আইনতঃ দণ্ডনীয় অপরাধ। তাই নিবন্ধিত প্রাণিচিকিৎসক ব্যতীত অন্য কারো কোন প্রকার প্রাণীর চিকিৎসা বা শল্য চিকিৎসা প্রদান বা নামের আগে “ডাঃ” উপাধি ব্যবহার বা প্রাণিষাছ্য সম্পর্কিত কোন সনদ প্রদান না করার জন্য বিনীতভাবে অনুরোধ জানানো যাচ্ছে। আরো জানানো যাচ্ছে যে, প্রাণিচিকিৎসা সংক্রান্ত কোন সেবা গ্রহণের সময় সন্দেহ হলে কাউন্সিলের ওয়েবসাইটে (www.bvc.gov.bd) এ প্রবেশ করে Doctor's Database থেকে নিবন্ধিত ভেটেরিনারিয়ান সম্পর্কে নিশ্চিত হউন।

ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম ও প্রাণি চিকিৎসা সংক্রান্ত বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল আইন-২০১৯ এর কতিপয় ধারা নিম্নরূপ:-

১৪। কাউন্সিলের স্বীকৃতি ব্যতিরেকে ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম নিষিদ্ধ।- কোন ভেটেরিনারি শিক্ষা প্রতিষ্ঠান কাউন্সিলের স্বীকৃতি ব্যতিরেকে ভেটেরিনারি শিক্ষা কার্যক্রম গ্রহণ, পাঠ্যসূচি প্রণয়ন, কোর্স পরিচালনা, প্রশিক্ষণ প্রদান অথবা এতদ সংক্রান্ত কোন সনদ, ডিগ্রি বা ডিপ্লোমা প্রদান করিতে পারিবে না।

১৭। নিবন্ধন ও সনদ ব্যতীত ভেটেরিনারি প্রাকটিস নিষিদ্ধ।- আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন নিবন্ধন ও সনদ ব্যতীত কোন ব্যক্তি ভেটেরিনারি প্র্যাকটিস করিতে বা নিজেকে ভেটেরিনারি চিকিৎসক বা ভেটেরিনারি প্র্যাকটিশনার বলিয়া পরিচয় প্রদান করিতে পারিবেন না।

২৭। প্যারাভেট কর্তৃক ‘ডাক্তার’ বা ‘ডাঃ’ উপাধি ব্যবহার নিষিদ্ধ। কোনো প্যারাভেট নিজেকে ভেটেরিনারি ডাক্তার হিসাবে পরিচয় দিতে বা তাহার নামের পূর্বে “ডাক্তার” বা “ডাঃ” উপাধি ব্যবহার করিতে পারিবেন না।

৩০। বেসরকারি ভেটেরিনারি ক্লিনিক, ডায়াগনোস্টিক সেন্টার, ইত্যাদির স্বীকৃতি।- (১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান বাণিজ্যিক প্রয়োজনে কোন ভেটেরিনারি ক্লিনিক, সেবা কেন্দ্র, খাদ্য ও ঔষধ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, প্রাণী পুনর্বাসন কেন্দ্র বা ডায়াগনোস্টিক সেন্টার পরিচালনা করিতে চাহিলে তাহাকে স্বীকৃতির জন্য নির্ধারিত পদ্ধতিতে কাউন্সিলের নিকট আবেদন করিতে হইবে।

ভূয়া ডাক্তার, হাতুড়ে প্রাণি চিকিৎসক, গোয়াল বা অন্য যে কোন নিবন্ধনবিহীন ব্যক্তি কর্তৃক প্রাণিচিকিৎসা সংঘটিত হলে ঐ ব্যক্তিকে আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন অথবা কাউন্সিলকে অবহিত করুন। নিবন্ধিত প্রাণিচিকিৎসকদের পেশাগত কাজ করার সময় কাউন্সিল কর্তৃক প্রদত্ত প্র্যাকটিশনার পরিচয়পত্র বহন করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

(ডাঃ মোঃ ইমরান হোসেন খান)
রেজিস্ট্রার